



ফ্যামিলি কার্ডের প্রলোভন, বিএনপি নেতার বিরুদ্ধে ধর্ষণচেষ্টার অভিযোগ



অভিযুক্ত মো. এনামুল হক। ছবি : সংগৃহীত

রংপুরের মিঠাপুকুর উপজেলায় ‘ফ্যামিলি কার্ড’ করে দেওয়ার প্রলোভন দেখিয়ে এক গৃহবধূকে ধর্ষণের চেষ্টা করা হয়েছে—এমন অভিযোগ উঠেছে ভাংনী ইউনিয়ন বিএনপির সহ-সাংগঠনিক সম্পাদক মো. এনামুল হকের বিরুদ্ধে। এ ঘটনায় এলাকায় উদ্বেগ তৈরি হয়েছে এবং ভুক্তভোগী পরিবারকে মামলা না করতে হুমকি দেওয়ার অভিযোগও রয়েছে।

স্থানীয় সূত্রে জানা যায়, পূর্বে নির্বাচনী প্রচারণার সময় পরিচয়ের সূত্র ধরে ওই নারীকে কার্ড পাইয়ে দেওয়ার আশ্বাস দেন এনামুল।

অভিযোগ অনুযায়ী, শনিবার দুপুরে বাড়িতে একা পেয়ে তিনি অশালীন আচরণ করেন এবং জোরপূর্বক ধর্ষণের চেষ্টা চালান। পরে ওই নারী প্রতিরোধ করে সেখান থেকে বেরিয়ে যান। ভুক্তভোগী বিচার দাবি করেছেন। তবে এনামুল হক অভিযোগ অস্বীকার করে এটিকে উদ্দেশ্যপ্রণোদিত বলে দাবি করেছেন। অন্যদিকে, স্থানীয় বিএনপি নেতা আবুল হোসেন ঘটনাটিকে ‘ভুল বোঝাবুঝি’ বলে উল্লেখ করেছেন।

মিঠাপুকুর থানার ওসি মো. নুরজ্জামান জানান, লিখিত অভিযোগ পেলে তদন্ত করে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।